তারিখ 29. JAN. 2016
পৃ: ১৫ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# দামুড়হুদায় সাড়ে পাঁচ হাজার শিক্ষার্থী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত

■ দামুড়হুদা (চুয়াডাঙ্গা) সংবাদদাতা

চুয়াডাঙ্গা জেলার ৩টি উপজেলায় সঠিক সময়ে ছাত্র-ছাত্রীরা উপবৃত্তির টাকা পেলেও দামুড়হুদা উপজেলার ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় সাড়ে ৫ হাজার শিক্ষার্থী ১ বছর যাবৎ উপবৃত্তির টাকা পাইনি বলে অভিযোগ পাওয়া গেছে। নিম্ন আয়ের অভিভাবকরা আর্থিক সংকটে পরে তাদের সন্তানদের লেখাপড়া নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন।

জানা যায়, দামুড়হুদার ৩৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ১১টি মাদ্রাসার মোট ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় সাড়ে ৫ হাজার শিক্ষার্থী ১ বছর যাবৎ উপবৃত্তির টাকা পাইনি বলে অভিযোগ পাওয়া গেছে। অনলাইনে টাকা আসার কথা থাকলেও সেখানেও এ পর্যন্ত কোনো ছাত্র-ছাত্রীরা উপবৃত্তির টাকা আসেনি বলে অভিভাবকরা জানান।

সর্বশেষ ২০১৪ সালের জুন মাসে মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীর মধ্যে উপবৃত্তির টাকা বিতরণ করা হয়েছিল। তারপর থেকে এ পর্যন্ত বিদ্যালয়ের শিক্ষকদের সাথে অভিভাবকরা যোগাযোগ করেও উপবৃত্তির টাকা না পেয়ে গরীব মেধাবী শিক্ষার্থী ও অভিভাবকরা চরম হতাশ হয়ে পড়েছেন।

দামুড়হুদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিকাশ কুমার সাহা জানান, জেলার ৪টি উপজেলার মধ্যে ৩টি উপজেলায় উপবৃত্তির টাকা প্রদান করা হয়েছে। দামুড়হুদা উপজেলার ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৫ হাজার ৩৮০ শিক্ষার্থীর মধ্যেও উপবৃত্তির টাকা প্রদান করা হবে।